125

দৈনিক ইনকিলাব

তারিখ JUL 13 1999
পৃষ্ঠা ৩ কলাম ৭

ঈদে মিলাদুন্নবী পালন

# জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে আলোচনা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান

জগন্নাথ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ পবিত্র ঈদে মিলাদুন্নবী (সাঃ) উপলক্ষে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে গতকাল (সোমবার) এক আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়। ভারপ্রাপ্ত ভিসি প্রফেসর ফজলুল কাদের চৌধুরীর সভাপতিত্বে

আলোচনা সভায় বক্তব্য রাখেন সাবেক প্রোভিসি বিশ্ববিদ্যালয় মসজিদের খতিব প্রফেসর আলহাজ্ব [illegible] ইসলাম, ইসলামী শিক্ষা বিভাগের চেয়ারম্যান প্রফেসর মোহাম্মদ শামসুল আলম, শিক্ষক পরিষদের যুগ্ম সম্পাদক প্রফেসর সোহরাব উদ্দিন, ছাত্রনেতা আব্দুস সাত্তার, গোলাম ফারুক স্বপন প্রমুখ। সভায় বক্তারা শান্তি, সোহার্দ্য, অগ্রগতি ও জীবনকে সার্থক করে তোলার জন্য পূর্ণাঙ্গ জীবন ব্যবস্থার প্রতিভূ এবং সর্বক্ষেত্রে পরিপূর্ণতা অর্জনকারী মহানবী হযরত মোহাম্মদ (সাঃ)-এর আদর্শ অনুকরণ ও বাস্তবায়নের আহবান জানান। ঈদে মিলাদুন্নবী (সাঃ) উপলক্ষে আয়োজিত প্রতিযোগিতায় প্রথম দ্বিতীয় ও তৃতীয় স্থান লাভকারী পুরস্কার প্রাপ্তরা হচ্ছেন, কোরআন তেলওয়াতে কাজী তাওহিদুল ইসলাম (ইঃ শি.), আতিকুর রহমান, আব্দুল ওয়াদুদ, মোহাম্মদ নাসির, মাহবুবুর রহমান, হামদে তাওহিদুল ইসলাম, নুরুল হাফিজ, জাকারিয়া, কে এম শাহিদ কবীর পলাশ, নাতে নূরুল হাফিজ রাজু, আশরাফুল আজিজ, হাবিবুর রহমান, আশরুফুন্নেছা লুনা, লায়লা খালেদা, নির্ধারিত বক্তৃতায় সুরাইয়া আক্তার, আবু হানিফ ও মহিউদ্দিন।